বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৫.০৫.০০১.২০১৪ তারিখঃ

## অফিস স্মারক

মীর মোঃ কামরুজ্জামান , মাতা- মফিদা বেগম, পিতা- মীর মোঃ শহিদ উল্যা, বাসা ও সড়ক : মীর বাড়ি, হরিহরচক্র সড়ক, গ্রাম: হরিহরচক্র, ইউনিয়ন/ওয়ার্ড- হাজির পাড়া, ওয়ার্ড নং-৬, ডাকঘর-মিরপুর, পোষ্ট কোড নম্বর- ৩৭০৪ , উপজেলা- লক্ষীপুর সদর, জেলা- লক্ষীপুরকে ইনস্টিটিউটের অনুকূলে "গবেষণা সহকারী (অস্থায়ী রাজস্ব)" পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯৩০০-২২৪৯০ টাকা বেতনক্রমে (গ্রেড ১৬) মাসিক ৯৩০০.০০ টাকা মূল বেতনে নিম্নলিখিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

শর্তাবলী :

১। নিয়োগের প্রথম ০৬ মাস শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল আরো ০৬ মাস বর্ধিত করা যাবে।

২। শিক্ষানবিশকালে কোনরূপ কারণ না দর্শিয়ে এক মাসের পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতন প্রদান করে ইনস্টিটিউট তাঁকে চাকুরি থেকে অব্যাহতি দিতে পারবে। অনুরূপভাবে তিনি তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা ১ (এক) মাসের মূল বেতন ক্ষতিপূরণ হিসেবে প্রদান করে চাকুরি হতে ইস্তফা দিতে পারবেন।

৩। নিয়োগ নিয়মিতকরণের পর চাকুরি হতে ইস্তফাদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট তিনি তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকুরি ত্যাগ করতে বা চাকুরি হতে বিরত থাকতে পারবেন না। এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি ইনস্টিটিউটকে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

৪। নিয়োগ নিয়মিতকরণের তারিখ হতে নির্ধারিত হারে প্রদেয় পরিণামদর্শী তহবিলের সুবিধা ভোগ করবেন এবং তিন বছর চাকুরির পর প্রচলিত আইন অনুযায়ী আনুতোষিক সংক্রান্ত সুবিধার অধিকারী হবেন।

৫। প্রয়োজনবোধে জনস্বার্থে তাঁকে ইনস্টিটিউটের যে কোন কেন্দ্র/উপকেন্দ্রে বদলী করা যাবে।

৬। তিনি ইনস্টিটিউটে বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে প্রণীতব্য সকল নিয়ম-কানুনসহ সংশ্লিষ্ট সকল সরকারি বিধি-বিধান সম্পূর্ণভাবে মেনে চলতে বাধ্য থাকবেন।

৭। তিনি বিশ্বস্তার সাথে কর্তৃপক্ষের প্রতি পূর্ণ আনুগত্য পোষণ করবেন।

৮। তিনি কোনরূপ রাজনৈতিক মতামত প্রচার করতে পারবেন না বা নিজেকে রাজনৈতিক সংগঠনের সঙ্গে জড়িত করতে পারবেন না।

৯। তাঁর কর্মস্থল ইনস্টিটিউটের চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট নির্ধারণ করা হলো এবং তিনি ০৩-০২-২০১৯ইং তারিখের মধ্যে ইনস্টিটিউটের বর্ণিত কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত সময়ে যোগদানে ব্যর্থ হলে এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১০। চাকুরীকালীন সময়ে তাঁকে ইনস্টিটিউটের বাসায় (খালি সাপেক্ষে) বাধ্যতামূলকভাবে বসবাস করতে হবে।

১১। চাকুরিতে যোগদানকালে সিভিল সার্জনের নিকট হতে শারীরিক উপযুক্ততার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১২। যোগদানের সাথে তিনি নিজের এবং নিজ পরিবারের সদস্যদের বিবাহে যৌতুক দিবেন না ও নিবেন না মর্মে অঙ্গিকারনামা প্রদান করবেন।

১৩। চাকুরীতে যোগদানের পর তাঁর চাকুরীর আবেদন পত্রে প্রদত্ত কোন তথ্য মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে তাঁকে বিনা নোটিশে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনের তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

স্বাঃ
(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৫.০৫.০০১.২০১৪ - ৪২৭ তারিখঃ ৬/১/১৯ ইং

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট।
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী কেন্দ্র, চাঁদপুর।
৩. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ ( ইনস্টিটিউটের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. মীর মোঃ কামরুজ্জামান , মাতা- মফিদা বেগম, পিতা- মীর মোঃ শহিদ উল্যা, বাসা ও সড়ক : মীর বাড়ি, হরিহরচক্র সড়ক, গ্রাম: হরিহরচক্র, ইউনিয়ন/ওয়ার্ড- হাজির পাড়া, ওয়ার্ড নং-৬, ডাকঘর-মিরপুর, পোষ্ট কোড নম্বর- ৩৭০৪ , উপজেলা- লক্ষীপুর সদর, জেলা- লক্ষীপুর।
৬. সংশ্লিষ্ট নথি।
৭. মাষ্টার নথি

স্বাঃ ৬.১.১৯
( মোঃ কামরুজ্জামান)
সহকারী পরিচালক

ফোন : ০৯১-৬৫৮৭৪, ফ্যাক্স : ০৯১-৬৬৫৫৯, ই-মেইল : dgbfri@gmail.com; info@fri.gov.bd, ওয়েব : www.fri.gov.bd